



## তথ্য প্রযুক্তির সময়

আপডেট- ২৫-০৫-২০১৭ ২১:৪১:০৩

দেশের প্রথম ন্যানো স্যাটেলাইট 'ব্র্যাক অন্বেষার' গ্রাউন্ড স্টেশন উদ্বোধন



দেশের প্রথম ন্যানো স্যাটেলাইট 'ব্র্যাক অন্বেষার' গ্রাউন্ড স্টেশন উদ্বোধন করা হয়েছে। গত বছরের জুনে ন্যানো স্যাটেলাইট নির্মাণ ও মহাকাশে উৎক্ষেপণের জন্য জাপানের ইন্সটিটিউট অব টেকনোলজি-কেআইটি'র সঙ্গে চুক্তি করে ব্র্যাক বিশ্ববিদ্যালয়।

তবে গ্রাউন্ড স্টেশন এবং স্যাটেলাইট নির্মাণ করে ব্র্যাকের

শিক্ষার্থীরা। আগামী জুনে ন্যানো স্যাটেলাইটটি যুক্তরাষ্ট্র থেকে মহাকাশে উৎক্ষেপণের কথা রয়েছে।

স্যাটেলাইট হলো মহাকাশে উৎক্ষেপিত বৈজ্ঞানিক গবেষণার জন্য স্থাপিত কৃত্রিম উপগ্রহ। এর মাধ্যমে বিশ্বের নানা জায়গার খবর আমরা নিমিষেই পেয়ে যাই। স্যাটেলাইটের ইতিহাস ৬০ বছরের হলেও বাংলাদেশ এ ক্ষেত্রে নবীন।

তবে সব ঠিক থাকলে সামনের মাসের ২ তারিখে বাংলাদেশি শিক্ষার্থীদের তৈরি ন্যানো স্যাটেলাইট যাবে মহাকাশে। ব্র্যাক অন্বেষা নামের এই স্যাটেলাইটটির গ্রাউন্ড স্টেশন স্থাপিত হয়েছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ছাদে। বৃহস্পতিবার সেটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এ সময় জাপানে স্যাটেলাইটটি তৈরিতে যুক্ত ব্র্যাকের তিন শিক্ষার্থীর সঙ্গে ভিডিও কনফারেন্সে কথা বলেন ব্র্যাক কর্তৃপক্ষ।

পরে ব্র্যাকের চেয়ারপারসন স্যার ফজলে হাসান আবেদ বলেন, সরকারের উচিত গবেষণা খাতে আরও বেশি বিনিয়োগ করা।

ব্র্যাক উপচার্য সৈয়দ সাদ আন্দালিব জানান, সরকারের কাছ থেকে সব ধরনের সহযোগিতা পেয়েই এ কাজে হাত দিয়েছেন।

সাধারণত মোবাইল, টেলিফোন ও টেলিভিশন কমিউনিকেশনের জন্য স্যাটেলাইট বেশি ব্যবহৃত হয়। যা বেশ বড় আকারের এবং তা থাকে অনেক উপরে। তবে ব্র্যাক অন্বেষা থাকবে পৃথিবী থেকে ৪শ কিলোমিটার উপরে। এটি থেকে ছবি নেয়া এবং মহাকাশের অবস্থা পর্যবেক্ষণ করা যাবে।



© ২০১৭ সময়নিউজ.টিভি, সর্বস্বত্ব সংরক্ষিত